



বর্ণ যোজনা


দুই বর্ণের যোজনা :

 <p>ফল</p>	কই	বই	মই	লই
	কর*	জল	পথ	রস
	খল*	ঘট	বন	দশ
	ফল	নখ	শঠ*	ভয়

তিন বর্ণের যোজনা :

 <p>ঔষধ</p>	অচল*	অবশ	আসন
	অপর	অধম	ইতর*
	অসৎ	আদর	ঈষৎ*
	অলস	আলয়*	ঔষধ

তিন বর্ণের যোজনা :

 <p>শকট</p>	কপট*	বসন*	দশম	মরণ
	গরল*	ধবল*	রজক*	নয়ন*
	সরল	জগৎ	লবণ*	শকট*

- * **শব্দার্থ** :
- ❀ কর—হাত, কিরণ, খাজনা বা কোনো কাজ করো।
 - ❀ খল—কুটিল, দুর্জন।
 - ❀ শঠ—ধূর্ত, ছলনাকারী।
 - ❀ অচল—বাতিল, অকেজো।
 - ❀ ইতর—অধম।
 - ❀ ঈষৎ—অল্প, একটু।
 - ❀ আলয়—গৃহ, বাসা, বাড়ি।
 - ❀ কপট—কুটিল।
 - ❀ বসন—কাপড়।
 - ❀ গরল—বিষ।
 - ❀ ধবল—সাদা।
 - ❀ রজক—ধোপা।
 - ❀ নয়ন—চোখ।
 - ❀ লবণ—নুন।
 - ❀ শকট—গাড়ি।



ক + আ = কা
কাক

আ-কার যোগে
বর্ণযোজনা



ত + আ = তা
তাল



উদাহরণ

 চাল	কাক	মাস	তাল	পাঠ
	গান	বাস	দান	ভাগ
	ঘাস	চাল	লাভ	শাক
 রাজা	কথা	জবা	দাতা	মালা
	দয়া	লতা	বাবা	তারা
	ভাষা	সভা	শাখা	রাজা
 বালক	কারণ	কার্পাস*	তাড়না*	অগাধ*
	বালক	বাচাল*	ভাবনা*	কপাট*
	সাহস	পাষাণ*	যাতনা*	সমান

* শব্দার্থ : ❀ কার্পাস—তুলো। ❀ তাড়না—শাসন, তাড়া। ❀ অগাধ—বিশাল। ❀ বাচাল—যে বেশি কথা বলে। ❀ ভাবনা—চিন্তা। ❀ কপাট—দরজার পাল্লা। ❀ পাষাণ—পাথর। ❀ যাতনা—যন্ত্রণা।

ভোর হল



ভোর হল

দোর খোলো।

খুকুমণি ওঠো রে।

ওই ডাকে

জুই-শাখে

ফুল-খুকি ছোটো রে

খুকুমণি ওঠো রে।

রবি-মামা

দেয় হামা

গায়ে রাঙা জামা ওই,

দারোয়ান

গায় গান

শোনো ওই, 'রামা হই'।

— কাজী নজরুল ইসলাম

কিছু ছোটো বাক্য

১

বড়ো গাছ।
ভালো ফল।
লাল ফুল।
ছোটো পাতা।



২

পথ ছাড়ো।
জল খাও।
হাত ধরো।
বাড়ি যাও।



৩

জল পড়ে।
পাতা নড়ে।
মেঘ ডাকে।
হাত নাড়ে।
খেলা করে।





৪

কী পড়?
কোথা যাও?
ধীরে চলো।
কাছে এসো।
বই আনো।

৫

নূতন ঘটি।
পুরানো বাটি।
কালো পাথর।
সাদা চাদর।



৬

বাহিরে যাও।
ভিতরে এসো।
কপাট খোলো।
কাগজ রাখো।
কলম দাও।

